

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৯০০

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ সুবাই বিন মা'বাদ যে ইহরাম বেঁধেছিলেন, তার বিবরণ

ذَكَرُ وَصَفِ إِهْلَالِ الصُّبِيِّ بْنِ مَعْبَدٍ بِمَا أَهَلَ بِهِ

আরবী

3900 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ عَنْ ابْنِ عُيَيْنَةَ عَنْ عَبْدِ بْنِ أَبِي لُبَابَةَ عَنْ أَبِي وَائِلٍ شَقِيقِ بْنِ سَلَمَةَ، قَالَ: كَثِيرًا مَا كُنْتُ أَتِي الصُّبِيَّ بْنَ مَعْبَدٍ أَنَا وَمَسْرُوقٌ نَسَأَلُهُ عَنْ هَذَا الْحَدِيثِ قَالَ: كُنْتُ امْرَأً نَصْرَانِيًّا فَأَسْلَمْتُ فَأَهْلَلْتُ بِالْحَجِّ وَالْعُمْرَةِ فَسَمِعَنِي سَلْمَانُ بْنُ رَبِيعَةَ وَزَيْدُ بْنُ صُوحَانَ وَأَنَا أَهْلُ بِهِمَا بِالْقَادِسِيَّةِ فَقَالَا: لَهَذَا أَضَلُّ مِنْ بَعِيرِ أَهْلِهِ فَكَأَنَّمَا حُمِلَ عَلَيَّ بِكَلِمَتِهِمَا جَبَلٌ حَتَّى قَدِمْتُ مَكَّةَ فَأَتَيْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ وَهُوَ بِمِنَى فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَأَقْبَلَ عَلَيَّهِمَا فَلَامَهُمَا وَأَقْبَلَ عَلَيَّ فَقَالَ: هُدَيْتَ لِسُنَّةِ نَبِيِّكَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّتَيْنِ.

الراوي : أبو وائل شقيق بن سلمة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3900 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(1578).

বাংলা

৩৯০০. আবু ওয়াইল শাকীক বিন সালামাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি এবং মাসরুক এই হাদীস সম্পর্কে জিজ্ঞেস করার জন্য সুবাই বিন মা'বাদের কাছে বহুবার এসেছি। তিনি বলেছেন, “আমি খ্রীষ্টান ছিলাম। অতঃপর আমি ইসলাম গ্রহণ করি। এবং আমি হজ ও উমরার নিয়ত করি। অতঃপর আমি কাদিসিয়া হতে উভয়টির তালবিয়া পাঠ করলে সালামান বিন রাবীআহ ও যাইদ বিন সুহান সেটা শুনতে পান। অতঃপর তারা বলেন, “এই লোকটি তার বাড়ির উটের চেয়েও বেশি গোমরাহ!” তাদের এই কথার কারণে যেন আমার উপর একটি পাহাড় চাপিয়ে দেওয়া হয়। অতঃপর আমি মক্কায় আগমন করি। তখন আমি উমার বিন খাত্তাব রাদিয়াল্লাহু আনহুর কাছে আসি। এসময় তিনি মিনায় ছিলেন। অতঃপর আমি বিষয়টি তাকে অবহিত করি। তখন তিনি তাদের দুইজনের

কাছে যান এবং তাদেরকে তিরস্কার করেন। তারপর তিনি আমার কাছে এসে বলেন, “তুমি তোমার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাত দুইবার প্রাপ্ত হয়েছে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৫; সুনান বাইহাকী: ৫/১৬; আবু দাউদ: ১৭৯৯; নাসাঈ: ৫/১৪৬-১৪৭; ইবনু মাজাহ: ২৯৭০; সহীহ ইবনু খুযাইমাহ: ৩০৬৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫৭৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ শাক্কীক ইবনু সালামা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93239>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন